গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫০৩

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম চালুকরণের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ।**

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ: ২২/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সকলের সদয় অবগতরি জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। সূত্রোক্ত পত্রানুযায়ী দেশের সকল মাধ্যমিক, স্কুল ও কলেজ, উচ্চ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে তাদের শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করাসহ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে স্বাস্থ্যসম্মতভাবে প্রস্তুত করার জন্য সংযুক্ত সংশোধিত 'গাইড লাইন' প্রদান করা হলো। বর্তমানে কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণে আসতে শুরু করায় শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সংযুক্ত সংশোধিত 'গাইড লাইন' এর নির্দেশনা ছাড়াও তাঁর শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত কার্যক্রমসমূহ ০৯/০৯/২০২১ খ্রি. মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

**কার্যক্রমসমূহ:**

| | |
|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ মুখসহ অন্যান্য স্থানে কোভিড-১৯ অতিমারি সম্পর্কিত সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি প্রতিপালনে করণীয় বিষয়সমূহ ব্যানার বা অন্য কোন উপায়ে প্রদর্শনের ব্যবস্থা করা; |
| ২. | শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পথে সকল শিক্ষক-কর্মচারী-শিক্ষার্থী-অভিভাবকদের তাপমাত্রা পরিমাপক যন্ত্রের মাধ্যমে নিয়মিত তাপমাত্রা মাপা ও তা পর্যবেক্ষণ করার ব্যবস্থা করা; |
| ৩. | শিক্ষার্থীদের ভিড় এড়ানোর জন্য প্রতিষ্ঠানের সবগুলো প্রবেশমুখ ব্যবহার করার ব্যবস্থা করা। যদি কেবল একটি প্রবেশমুখ থাকে সেক্ষেত্রে একাধিক প্রবেশমুখের ব্যবস্থা করার চেষ্টা করা; |
| ৪. | প্রতিষ্ঠান খোলার প্রথম দিনে শিক্ষার্থীদের আনন্দঘন পরিবেশে শ্রেণি কার্যক্রমে স্বাগত জানানোর ব্যবস্থা করা; |
| ৫. | প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীরা কিভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে অবস্থান করবে এবং বাসা থেকে যাওয়া-আসা করবে সেই বিষয়ে তাদেরকে শিক্ষণীয় ও উদ্বুদ্ধকারী ব্রিফিং প্রদান করার ব্যবস্থা করা। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত এতদসংক্রান্ত ভিডিও প্রদর্শনের ব্যবস্থা করা; |
| ৬. | প্রতিষ্ঠানের একটি কক্ষ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থাসহ আইসোলেশন কক্ষ হিসেবে প্রস্তুত রাখা; |
| ৭. | প্রতিষ্ঠানের সকল ভবনের কক্ষ, বারান্দা, সিঁড়ি, ছাদ এবং আঙ্গিনা যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা করা; |
| ৮. | প্রতিষ্ঠানের সকল ওয়াশরুম নিয়মিত সঠিকভাবে পরিষ্কার রাখা এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা করা; |
| ৯. | প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী এবং অভিভাবক প্রবেশের সময় সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করা; |
| ১০. | প্রতিষ্ঠানের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীর সঠিকভাবে মাস্ক (সম্ভব হলে কাপড়ের মাস্ক) পরিধান করার বিষয়টি নিশ্চিত করা; |
| ১১. | প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে সাবান বা হ্যান্ডওয়াশ দ্বারা হাত ধোয়ার এমন ব্যবস্থা করা যাতে শিক্ষার্থীরা ক্লাসে ঢোকার আগে সবাই সাবান দিয়ে হাত ধুঁতে পারে; |

| | |
|---|---|
| ১২. | শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা। এক্ষেত্রে পারস্পারিক ৩ (তিন) ফুট শারীরিক দুরত্ব বজায় রাখার ব্যবস্থা করা; |
| ১৩. | শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ, ড্রেন ও বাগান যথাযথভাবে পরিস্কার পরিচ্ছন্ন করা এবং কোথাও পানি জমে না থাকে তা নিশ্চিত করার ব্যবস্থা করা; |
| ১৪. | প্রতিষ্ঠানসমূহে শিক্ষক, শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা নিরুপণ করা; |
| ১৫. | প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা করা; |
| ১৬. | কোভিড-১৯ অতিমারিজনিত সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি যথাযথবাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের সমন্বয়ে কমিটি গঠন করা; |
| ১৭. | প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আনন্দঘন শিখন কার্যক্রমের মাধ্যমে শ্রেণি কার্যক্রম পরিচালিত করা; |
| ১৮. | প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অবকাঠামোগত মেরামত, বৈদ্যুতিক মেরামত এবং পানি সংযোগজনিত মেরামত সম্পন্ন করা; |
| ১৯. | প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের সাথে সভা করে এতদসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |

**সংযুক্তি:** সংশোধিত ‘গাইড লাইন’।

৫-৯-২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

প্রতিষ্ঠান প্রধান, সকল মাধ্যমিক, স্কুল ও কলেজ, উচ্চ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫০৩/১(১০)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) জেলা প্রশাসক, সকল
৩) পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক, পরিকল্পনা ও উন্নয়ন/ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট/প্রশিক্ষণ/মনিটরিং এন্ড ইভালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৪) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৫) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[নির্দেশনাটি মাউশি’র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৭) সভাপতি, মাধ্যমিক/স্কুল ও কলেজ/উচ্চ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, সকল
৮) জেলা শিক্ষা অফিসার, সকল
৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল
১০) সংরক্ষণ নথি

৫-৯-২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক